



## প্রিমিয়ার ইউনিভার্সিটি আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্ট সম্পন্ন

এবিএম মহিউদ্দিন চৌধুরী-প্রিমিয়ার ইউনিভার্সিটি আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্ট সম্পন্ন হয়েছে। টুর্নামেন্টের ফাইনাল খেলা অক্সিজেন স্পোর্টস জোনে গত ১৩ মে সন্ধ্যা ৭টার অনুষ্ঠিত হয়। ফাইনাল খেলায় নির্ধারিত সময়ের খেলা ১-১ গোলে ড্র থাকে। পরে টাইব্রেকারে স্যোশিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগ ৫-৪ গোলে ইংরেজি বিভাগকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়। মূলপর্যের খেলায় স্যোশিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের শাহীন আলম এবং ইংরেজি বিভাগের মো. শাকিল গোল করেন। ফাইনাল খেলার পরে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মিসেস হাসিনা মহিউদ্দিন, উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার এবং বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. ভৌতিক সর্দার, বোর্ড অব ট্রাস্টিজের সদস্য-সচিব বোরহানুল হাসান চৌধুরী, রেজিস্ট্রার খুরশিদুর রহমান, এবি ব্যাংক পিএলসির চট্টগ্রাম আঞ্চলিক প্রধান মাহতাবুর রহমান-এসইডিপি। প্রিমিয়ার ইউনিভার্সিটি স্পোর্টস ডেভেলপমেন্ট কমিটির সদস্য-সচিব পঞ্চজ বিশ্বাসের সম্বলনায় কমিটির আহ্বায়ক সহকারী

অধ্যাপক আহমদ রাজীব চৌধুরী বক্তব্য রাখেন। পরে স্যোশিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগের খেলোয়াড়দের হাতে চ্যাম্পিয়ন ট্রফি তুলে সেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। ম্যান অব দ্য ফাইনাল হন এই বিভাগের শাহীন আলম। তিনি গোডেন গ্লোভসও লাভ করেন। ইংরেজি বিভাগের তাসিন গোডেন বল, অর্থনীতি বিভাগের শাহরিয়ার ইকবাল ও ইংরেজি বিভাগের মো. শাকিল বৌখতাবে গোডেন কুই অর্জন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ, প্রিমিয়ার ইউনিভার্সিটি স্পোর্টস ডেভেলপমেন্ট কমিটির সদস্য টুটন চন্দ্র মল্লিক, সিড অফার ডি রোজারিও, হিল্লোল সাহা, ফারহানা শিরিন চৌধুরী, বরকুল হাসান আওয়াল, তাসনিম উদ্দিন চৌধুরী, মামুন অর রশিদ, সুমিত ধর, অর্পা পাল, হাসান মুরাদ ও কামরুল হাসান সুমন।







প্রিমিয়ার ইউনিভার্সিটি আন্তঃবিভাগ ফুটবলে বিজয়ী দল ও অতিথিবৃন্দ

## প্রিমিয়ার ইউনিভার্সিটির আন্তঃবিভাগ ফুটবল সম্পন্ন

এবিএম মহিউদ্দিন চৌধুরী-প্রিমিয়ার ইউনিভার্সিটি আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অক্সিজেন স্পোর্টস জোনে অনুষ্ঠিত হয়েছে। ১৩ মে ২০২৪, সন্ধ্যা ৭টায় এই ফাইনাল খেলায় প্রিমিয়ার ইউনিভার্সিটির ইংরেজি ও স্যোশিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগ মুখোমুখি হয়। খেলার মূলপর্বের ফলাফল হয় ১-১। ট্রাইবেকার পর্বে স্যোশিওলজি এন্ড সাসটেইনেবল ডেভেলপমেন্ট বিভাগ ৫-৪ গোলে ইংরেজি বিভাগকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

ফাইনাল খেলার পরে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। বিশেষ অতিথি ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের সদস্য মিসেস হাসিনা মহিউদ্দিন, উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, ট্রেজারার এবং বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন প্রফেসর ড. তৌফিক সাঈদ, বোর্ড অব ট্রাস্টিজের সদস্য-সচিব বোরহানুল হাসান চৌধুরী, রেজিস্ট্রার খুরশিদুর রহমান, এবি ব্যাংক পিএলসির চট্টগ্রাম আঞ্চলিক প্রধান মাহতাবুর রহমান-এসইভিপি। প্রিমিয়ার ইউনিভার্সিটি স্পোর্টস ডেভেলপমেন্ট কমিটির সদস্য-সচিব পঙ্কজ বিশ্বাসের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন প্রিমিয়ার ইউনিভার্সিটি স্পোর্টস ডেভেলপমেন্ট কমিটির আহ্বায়ক সহকারী অধ্যাপক আহমদ রাজীব চৌধুরী। ম্যান অব দ্য ফাইনাল হন এই বিভাগের শাহীন আলম। তিনি গোল্ডেন গ্লোভসও লাভ করেন। ইংরেজি বিভাগের তাসিন গোল্ডেন বল, অর্থনীতি বিভাগের শাহ-রিয়ার ইকবাল ও ইংরেজি বিভাগের মো. শাকিল যৌথভাবে গোল্ডেন বুট অর্জন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গণিত বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ইফতেখার মনির, ইংরেজি বিভাগের চেয়ারম্যান সাদাত জামান খান, ফ্যাশন ডিজাইন এন্ড টেকনোলজি বিভাগের চেয়ারম্যান সঞ্জয় কুমার দাশ প্রমুখ।